

# অসমে হবে আইআইএম

গুয়াহাটি, ২ জুন: আইআইএম তৈরি হতে চলেছে অসমে। প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানিয়ে এই খবর ঘোষণা করলেন অসমের মুখ্যমন্ত্রী হিমন্তু বিশ্ব শর্মা। তিনি সমাজমাধ্যমে লেখেন, 'গত ১৮ মাস ধরে কেন্দ্রীয় শিক্ষামন্ত্রীর কাছে আমাদের দাবি ও যোগ্যতা তুলে ধরার পরে শেষ পর্যন্ত অসমে আইআইএম গড়ার সিদ্ধান্ত চূড়ান্ত হয়েছে। আমদাবাদের আইআইএমের তত্ত্বাবধানে কামরূপের মারাভিটায় তৈরি হবে ওই আইআইএম'। হিমন্তুর মতে, আইআইটি, এমস, ন্যাশনাল ল' ইউনিভার্সিটির পরে আইআইএম পূর্ব ভারতে শিক্ষার প্রাণকেন্দ্রে পরিণত করবে অসমকে।